

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৯ (আদালত)
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০১৯.৮৩.০০১.২১-১২২

তারিখ: ৯ অগ্রহায়ণ, ১৪২৯
২৪ নভেম্বর, ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শাহিন আলী, রেজিস্ট্রার, শ্রম আদালত, বরিশাল তাঁর প্রাক-চাকরি বৃত্তান্ত ফরমে বিবাহিত হওয়ার তথ্য গোপন করে, ফৌজদারি মামলার চার্জশিটভুক্ত আসামী হয়ে জেল হাজতে প্রেরিত হওয়ার তথ্য গোপন করে, অগ্রণী ব্যাংকে ২ বছর ৬ মাসেরও অধিককাল চাকরি করা সত্ত্বেও প্রাক-চাকরি বৃত্তান্ত ফরমে 'প্রযোজ্য নয়' লিখে উদ্দেশ্যমূলকভাবে চাকরি করার তথ্য গোপন করে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নিয়োগের সুপারিশে বর্ণিত তথ্য গোপন না করা ও অসত্য তথ্য প্রদান না করা সংক্রান্ত শর্ত ভঙ্গ করে এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ঢাকারিতে নিয়োগের প্রজ্ঞাপনে বর্ণিত আচরণ ও কার্যাবলী সন্তোষজনক হওয়া সংক্রান্ত শর্ত ভঙ্গ করে শ্রম আদালত, বরিশাল এ রেজিস্ট্রার পদে চাকরি গ্রহণ করায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে ২১/০৮/২০২২ খ্রিঃ তারিখে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (৪০.০০.০০০০.০১৯.৮৩.০০১.২১-৮৭) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানতে চাওয়া হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৪/০৯/২০২২ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০২/১০/২০২২ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত মৌখিক ও লিখিত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

০৪। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালায় বিধি ৪(২)(খ) মোতাবেক জনাব শাহিন আলী, রেজিস্ট্রার, শ্রম আদালত, বরিশাল কে আগামী ০৭(সাত) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতকরণ দণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদ শেষে তাঁর স্থগিতকৃত বেতন ভবিষ্যতে বকেয়া হিসেবে উত্তোলন কিংবা সমন্বয় করা যাবেনা।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ এহছানে এলাহী
সচিব
২৪/১০/২০২২

স্মারক নং-৪০.০০.০০০০.০১৯.৮৩.০০১.২১-১২২/১(১৩)

তারিখ: ৯ অগ্রহায়ণ, ১৪২৯
২৪ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৪। চেয়ারম্যান, শ্রম আদালত, বরিশাল।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ০৭। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল।
- ০৯। রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১০। জনাব শাহিন আলী, স্থায়ী ঠিকানা: গ্রাম- উজান গ্রাম, পোঃ উজান গ্রাম, উপজেলা- কুষ্টিয়া সদর, জেলা- কুষ্টিয়া।
বর্তমান ঠিকানা: রেজিস্ট্রার, শ্রম আদালত, বি এম টাওয়ার (৪র্থ তলা), হোল্ডিং নং-০৭, স্ব-রোড, নাজিরের পুল, বরিশাল।
- ১১। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। অফিস কপি।